গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং -৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩(অংশ-৩).১০-৬১৪ তারিখঃ ২৬-০৬-২০২১খ্রিঃ

# অফিস আদেশ

**বিষয়ঃ এলজিইডি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের ই-জিপি আইডি ও ওয়েবমেইল আইডি ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এলজিইডিতে প্রত্যেক কর্মকর্তার পৃথক অফিসিয়াল ই-মেইল আইডি ও ই-জিপি আইডি রয়েছে। আবার স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮. ০০৮.২০১৬-১৬৯৭, তারিখ: ০২/১০/২০১৭ খ্রি: এর আলোকে স্থানীয় সরকার প্রতিষ্ঠান তথা উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ক্ষেত্র বিশেষে সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণকে এলজিআই ডোমেইনের আইডি সরবরাহ করা হয়েছে এবং যাবতীয় কারিগরী সহায়তা প্রদান করা হচ্ছে।

প্রত্যেক আইডি এবং তার পাসওয়ার্ড প্রত্যেক ব্যবহারকারীর নিজস্ব গোপনীয়তায় সংরক্ষিত থাকা আবশ্যক। উক্ত গোপনীয়তা সংরক্ষণের সাথে রাষ্ট্রীয় নিরাপত্তার বিষয়টি জড়িত। সম্প্রতি দেখা গেছে মাঠ পর্যায়ে ই-জিপি সিস্টেমে আইডিসমূহের গোপনীয়তা সঠিকভাবে সংরক্ষিত হচ্ছে না; ফলে ই-জিপি সিস্টেমে অস্বাভাবিক ঘটনা ঘটছে, যা নিতান্তই অনভিপ্রেত। প্রত্যেকের নিজ নিজ আইডি যার যার নিজ দায়িত্বে থাকাটা আবশ্যক। ই-জিপি বা ইমেইল আইডির যেকোন দায়-দায়িত্ব প্রাথমিকভাবে বহারকারীর। সুতরাং কোন আইডি থেকে অনভিপ্রেত কোন ঘটনা ঘটে থাকলে তার দায় ব্যবহারকারীর উপরই বর্তাবে।

এমতাবস্থায়, ই-জিপি সিস্টেমের নিরাপত্তা নিশ্চিতসহ ক্রয়কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রত্যেক ই-জিপি ব্যবহারকারীকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য বলা হলো-

১। প্রত্যেক ই-জিপি ব্যবহারকারী যার যার নির্দিষ্ট আইডির বিষয়ে দায়িত্বশীল থাকবেন। কোন অবস্থাতেই নিজ আইডি ও পাসওয়ার্ড অন্য কারো সাথে শেয়ার করা যাবেনা।

২। নির্দিষ্ট বিরতিতে, কমপক্ষে ৩/4 মাস অন্তর অন্তর, আইডির পাসওয়ার্ড নিজ দায়িত্বে পরিবর্তন করতে হবে।

৩। প্রত্যেক দপ্তরের PE-Admin ID ও Password নিজ দায়িত্বে সংগ্রহ ও সংরক্ষণ করা আবশ্যক। কোন দপ্তরের PE-Admin ID বা password হারিয়ে গেলে সত্বর তা এলজিইডি'র প্রকিউরমেন্ট ইউনিট থেকে সংগ্রহ করতে হবে (focal@lgi.gov.bd)।

৪। PE-Admin ID তে দপ্তরের অধীনে সৃজনকৃত আইডিসমূহ এলজিইডি ডোমেইন (....@lged.gov.bd) এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ক্ষেত্রে এলজিআই ডোমেইন (....@lgi.gov.bd) হওয়া বাঞ্ছনীয়। ৩/4 মাস অন্তর অন্তর আইডিসমূহ পরীক্ষা করে দেখতে হবে। lged ডোমেইন ব্যতীত অন্য কোন ডোমেইনের আইডি থাকলে তা তাৎক্ষণিকভাবে Deactivate করে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য প্রকিউরমেন্ট ইউনিটে (xen.procurement@lged.gov.bd এবং focal@lgi.gov.bd) যোগাযোগ করতে হবে।

৫। কোন কর্মকর্তা বদলীজনিত কারণে কর্মস্থল পরিবর্তন হলে তার ই-জিপি আইডি ও পাসওয়ার্ড দাপ্তরিকভাবে হস্তান্তর করতে হবে এবং নতুন কর্মকর্তা তাৎক্ষনিকভাবে পাসওয়ার্ড পরিবর্তন করে তা সংরক্ষণ ও ব্যবহার করবেন।

২৬/০৬/২০২১

**(মোঃ আব্দুর রশীদ খান)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং -৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩(অংশ-৩).১০-৬১৪/১(১১) তারিখঃ ২৬-০৬-২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে। [জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়]

১। মেয়র, ............................................................সিটি কর্পোরেশন।
২। চেয়ারম্যান, ......................জেলা পরিষদ, ..........................জেলা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৫। প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা..................জেলা পরিষদ, জেলাঃ.......................।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ..........................................।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ..............উপজেলা, জেলাঃ.......................।
৯। মেয়র, ................................পৌরসভা, ...............................জেলা।
১০। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ.......................।
১১। উপজেলা প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, ..............উপজেলা, জেলাঃ......................।

২৬.৬.২১

**(মোঃ আব্দুস সাত্তার)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)